গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০০০.০৬৪.৩১.০০২৮.২৬- ৫৭৫

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

বিষয়: সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলাধীন "তামাই পৌরসভা" গঠন সংক্রান্ত।

সূত্র: জনাব মোঃ আমিরুল ইসলাম খান, মাননীয় সংসদ সদস্য ৬৬, সিরাজগঞ্জ-৫ এর ১০/০৬/২০২৬ তারিখের ডিও পত্র।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলাধীন ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২ ও ০৩ নং ওয়ার্ড নিয়ে "তামাই পৌরসভা" গঠনের লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ও ৪ ধারা অনুযায়ী নিম্নোক্ত তথ্যসহ সুস্পষ্ট মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১। প্রস্তাবিত এলাকার লোক সংখ্যা এবং প্রস্তাবিত এলাকায় জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে কত জন;
২। প্রস্তাবিত এলাকার অকৃষি পেশার হার এবং অকৃষি প্রকৃতির ভূমির হার;
৩। প্রস্তাবিত এলাকার তফসিল (ইউনিয়নের নাম, মৌজার নাম, জে. এল. নং এবং দাগ নম্বরসমূহ (ডিজিটাল ম্যাপের ১০০ কপিসহ)।
৪। প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত কিনা;
৫। প্রস্তাবিত এলাকাটি সেনানিবাস বহির্ভূত কিনা;
৬। স্থানীয় আয়ের উৎস; সরকারি অনুদান বা সাহায্য ব্যতীত প্রস্তাবিত এলাকার বিগত ৩ (তিন) বছরের গড় রাজস্ব আয় এবং

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে. এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| | | | | |

সংযুক্তিঃ.............পাতা।

২৪/০৬/২৬

(আশফিকুন নাহার, পিএইচডি)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।

অনুলিপি:

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব, (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

বাংলাদেশ জাতীয় সংসদ
মোঃ আমিরুল ইসলাম খান
সংসদ সদস্য ৬৬, সিরাজগঞ্জ-৫
মোবাইল ঃ +৮৮ ০১৭০৫ ৩৭৩ ২৯২
ই-মেইল ঃ amirul0777@gmail.com

সংসদ সদস্য

বরাবর,
মাননীয় মন্ত্রী,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর (এমপি)
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিষয়ঃ সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড নিয়ে একটি নতুন "তামাই পৌরসভা" গঠন অথবা ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড নিয়ে বেলকুচি পৌরসভার সাথে অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে ।**

মাননীয় মন্ত্রী মহোদয়,
যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড নিয়ে একটি নতুন "তামাই পৌরসভা" গঠন অথবা অথবা ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড নিয়ে বেলকুচি পৌরসভার সাথে অন্তর্ভূক্তিকরণ সর্বস্তরের জনগণের দীর্ঘদিনের দাবি।
ভৌগোলিক দিক দিয়ে ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড অত্যন্ত গুরুত্বপূর্ণ ও ঐতিহ্যবাহী জনপদ। ০১, ০২, ০৩, নং ওয়ার্ড নিয়ে তাঁত শিল্প সমৃদ্ধ তামাই গ্রাম গঠিত। এই গ্রামে

১। ভোটার সংখ্যা - ২০,০০০ (বিশ হাজার)
২। বসবাসকারী জনসংখ্যা -- প্রায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার)
৩। প্রাইমারী স্কুল- ৬টি
৪। হাই স্কুল- ২টি
৫। কিন্ডারগার্টেন- ১০টি
৬। কলেজ-২টি
৭। ফাজিল (ডিগ্রী) মাদ্রসা- ১টি
৮। কওমী মাদ্রসা (দাওড়া হাদিস) - ২টি
৯। হাসপাতাল- ১টি, ১০ (দশ) শয্যা বিশিষ্ট
১০। কমিউনিটি ক্লিনিক - ৩টি।
১১। সরকারী, বেসরকারী ব্যাংক - ৫টি
১২। বিদ্যুতচালিত তাঁত – ১২,০০০ টি
১৩। প্রসেস মিল, ডাইং মিল - ৫০ টি
১৪। মসজিদ – ৪২ টি (২২টি শীততাপ নিয়ন্ত্রিত)
১৫। কবরস্থান — ৪টি

প্রস্তাবিত ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড, তামাই গ্রামের জনসংখ্যা, ভৌগোলিক অবস্থান, যোগাযোগ ব্যবস্থা, অর্থনৈতিক কার্যক্রম এবং প্রশাসনিক সক্ষমতা বিবেচনায় একটি পূর্ণাঙ্গ ও ও স্বয়ংসম্পূর্ণ পৌরসভা হিসেবে প্রতিষ্ঠার যথেষ্ট যৌক্তিকতা বিদ্যমান। পৃথক পৌরসভা প্রতিষ্ঠিত হলে জনগণের নাগরিক সেবা সহজলভ্য হবে, প্রশাসনিক কার্যক্রম অধিক গতিশীল হবে এবং স্থানীয় উন্নয়ন কর্মকান্ড আরও ত্বরান্বিত হবে।

অতএব, মহোদয়ের সমীপে বিনীত প্রার্থনা, বেলকুচি উপজেলার ভাঙ্গাবাড়ী ইউনিয়নের অন্তর্গত ০১, ০২, ০৩, নং ওয়ার্ড সমন্বয়ে একটি নতুন পৌরসভা "তামাই পৌরসভা" প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় মাঠ জরিপ, প্রশাসনিক যাচাই-বাছাই এবং পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য আপনার সদয় নির্দেশনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বাধিত করবেন। আপনার সদয় বিবেচনা ও ইতিবাচক পদক্ষেপ বিশেষভাবে কাম্য।

ধন্যবাদান্তে

10.6.26
মোঃ আমিরুল ইসলাম খান
সংসদ সদস্য, ৬৬, সিরাজগঞ্জ-০৫

মন্ত্রীর দপ্তর
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
ডায়েরি নম্বরঃ ১৯৫০ তারিখঃ ১০/৬/২৬
সচিব, স্থানীয় সরকার বিভাগ/পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পিএস
পিও
মন্ত্রী

নং........ তারিখ.........
যুগ্মসচিব-(নঃউঃ--১/২/৩)
উপসচিব/সিঃসহঃস-(সিঃকঃ--১/২)
উপসচিব/সিঃসহঃস-(পৌর-১/২)

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) পৌরসভা
৪) উন্নয়ন
৫) পানি সরবরাহ (পাস)
৬) উপজেলা অধিশাখা
৭) ইউপি অধিশাখা
৮) অডিট অধিশাখা
৯) আইন অধিশাখা
ডাইরি নং.... তারিখঃ ১১/৬/ স্বাক্ষর

যুগ্মসচিব (নঃউঃঅনুঃ)
উপসচিব/সিঃ সহঃ সচিব (পৌর-২ শাখা)
স্মাঃ নং ৮৩ তাং ১৪/৬/২৬
উপসচিব/সিঃ সহঃ সচিব
পৌর-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ

যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা) এর দপ্তর
স্মারক নং- ৭৯৭০ তারিখঃ ১১/৬/২৬
১। পৌর-১ শাখা
২। পৌর-২ শাখা
যুগ্মসচিব
স্থানীয় সরকার বিভাগ